



grey matter pr

## PRESS CLIP

---

---

**Publication:-** Kolkata24X7.com (<https://www.kolkata24x7.com/koushik-basu-reaction-on-indian-economy/>)

**Date: -** 14<sup>th</sup> May 2020

**Page :-**Online

**Online panel discussion on “ COVID-19's Impact and Way Forward for India: An Economic Assessment” on 13<sup>th</sup> May organized by The Bengal Chamber**

**লকডাউন কবে উঠবে তার ওপর নির্ভরশীল অর্থনীতির ঘুরে দাঁড়ানো:  
কৌশিক বসু**

By **Bengali Desk** - May 14, 2020



**কলকাতা:** করোনাভাইরাস অতি মহামারীকে আটকাতে মার্চ মাসে তাড়াতাড়ি ভারত লকডাউনের সঠিক ডাক দিয়েছিল। কিন্তু এর অনেকটাই নির্ভর করছে লকডাউন থেকে কেমন করে বেরিয়ে আসা যায় তার উপর, যেহেতু বিশ্ব অর্থনীতির পরিবর্তন হয়ে যাচ্ছে।



106 d, block-f  
new alipore  
kolkata 700 053  
i n d i a

W +91 33 2445 2766  
info@greymatterpr.com  
www.greymatterpr.com

বুধবার এমনই অভিমত প্রকাশ করেন অর্থনীতিবিদ কৌশিক বসু। প্রাক্তন মুখ্য অর্থনৈতিক উপদেষ্টার মতে, এই মুহূর্তে সবচেয়ে উদ্বিগ্নের বিষয় হল, খাদ্য, কর্মসংস্থান এবং পরিযায়ী শ্রমিক। এই সমস্যাগুলি অবিলম্বে মেটাতে হবে বলে তিনি মনে করছেন।

বেঙ্গল চেম্বার অফ কমার্স আয়োজিত ওয়েব মিনারে তিনি বলেন, প্রথমেই ভারত দ্রুত লকডাউন করেছিল ঠিকই। এখন এটার অনেকটাই নির্ভর করছে ভারত লকডাউন থেকে কিভাবে বের হবে তার উপর। যেহেতু বিশ্ব অর্থনীতির পরিবর্তন হবে।

বিশ্বব্যাপকের প্রাক্তন অর্থনীতিবিদের অভিমত, কর সংক্রান্ত সুবিধে এটাই যথেষ্ট নয় কারণ দরিদ্র মানুষদের সরাসরি সাহায্য দরকার। পাশাপাশি তার বক্তব্য, তিনি খুশি কারণ ভারত এখন অর্থনীতির দিকে নজর দিয়েছে এবং ধীরে ধীরে লকডাউন থেকে বেরিয়ে আসার প্রস্তুতি নিচ্ছে।

অর্থনীতিবিদ মনে করিয়ে দিয়েছেন, যদি ব্যবসা-বাণিজ্য স্তব্ধ হয়ে থাকে তাহলে খাদ্য সরবরাহ ব্যাহত হবে এবং দুর্ভিক্ষ দেখা দিতে পারে। তখন খাদ্যের অভাবে মৃত্যু ঘটতে পারে। ভারতের ভালো রকম আমলাতন্ত্র রয়েছে এবং সেটাকেই এখন কাজে লাগাতে হবে।

তবে তিনি কিছুটা আর্থিক ঘাটতি নিয়ে চিন্তিত। তার মনে হয়েছে, এইরকম প্রাকৃতিক বিপর্যয়ের সময় কেন্দ্র এবং রাজ্যকে আরও খরচ করতে হবে। রিজার্ভ ব্যাংককে টাকা ছাপানোর কথা ভাবতে হবে।

কৌশিক বসুর মতে, ভারত হল একে অপরের উপর নির্ভরশীল একটা অর্থনীতি যেখানে পণ্য এবং পরিষেবার ক্ষেত্রে ছোট ছোট সংস্থাগুলি যুক্ত রয়েছে বড় সংস্থার সঙ্গে। তার মতে, বাজারকে স্বাভাবিক নিয়মে চলতে দেওয়া উচিত। আর তা যদি না করা হয় তাহলে বিপর্যয়ের মতো ঘটনা ঘটতে পারে।

এই অর্থনীতিবিদের মতে, গত দু'বছরের ভারতের বৃদ্ধির হার কমলেও একটা উজ্জ্বল দিক রয়েছে, সেটা হল সহজে ব্যবসার করার ব্যবস্থা। তবে বৈষম্যের বিষয়টির দিকে নজর দিতে বলেছেন তিনি।